

চাষির গীত  
কাজী নজরুল ইসলাম

চাষ কর দেহ- জমিতে ।

হবে নানা ফসল এতে ॥

নামাযে জমি 'উগালে',  
রোজাতে জমি 'সামালে',  
কলেমায় জমিতে মই দিরে  
চিন্তা কি হে এই ভবেতে ॥

লা- ইলাহা ইল্লাহাতে  
বীজ ফেল তুই বিধি মতে,  
পাবি 'ঈমান' ফসল তাতে  
আর রইবি সুখেতে ॥

নয়টা নালা আছে তাহার  
অজুর পানি নিয়াত যাহার,  
ফল পানি নানা প্রকার  
ফসল জন্মিবে তাহাতে ॥

যদি ভাল হয় হে জমি  
হজ্জ জাকাত লাগাও তুমি,  
আরো সুখে থাকবে তুমি-  
কয় নজরুল ইসলামেতে ।।